প্রাপক এবং পরিচর্যাকারীদের জন্য ফ্যাক্ট শীট

জরুরি ভিত্তিতে ব্যবহারের অনুমোদন (EUA)
করোনাভাইরাস রোগ 2019 (COVID-19) প্রতিরোধ করতে JANSSEN COVID-19 ভ্যাকসিন

18 বা তদূর্ধ্ব বয়সী যেসকল ব্যক্তির জন্য FDA-অনুমোদিত বা COVID-19-এর জন্য অনুমোদিত ভ্যাকসিন পাওয়া যাচ্ছে না বা চিকিৎসাগতভাবে উপযুক্ত নয় তাদের জন্য Janssen COVID-19 ভ্যাকসিন অনুমোদিত অথবা 18 বা তদূর্ধ্ব যেসকল ব্যক্তিকে Janssen COVID-19 ভ্যাকসিন দেওয়ার জন্য নির্বাচন করা হয়েছে, কারণ অন্যথায় তারা COVID-19 ভ্যাকসিন নাও পেতে পারেন। Janssen COVID-19 ভ্যাকসিনের ফলে স্বল্প মাত্রার অনুচক্রিকা (যেসকল রক্তকণিকা শরীরের রক্তপাত বন্ধে সাহায্য করে) সহ রক্ত জমাট বাঁধাতে পারে, যা ভয়ানক হতে পারে।

বর্তমানে SARS-CoV-2 ভাইরাসের কারণে সৃষ্ট COVID-19-এর অতিমারির কারণে করোনাভাইরাস রোগ 2019 (COVID-19) প্রতিরোধের জন্য আপনাকে Janssen COVID-19 ভ্যাকসিন অফার করা হয়েছে।

Janssen COVID-19 ভ্যাকসিন গ্রহণের ঝুঁকি ও সুবিধাদি বোঝতে আপনাকে সাহায্য করার জন্য এই ফ্যাক্ট শীটটিতে তথ্য রয়েছে।

Janssen COVID-19 ভ্যাকসিন আপনাকে COVID-19 থেকে রক্ষা করতে পারে।

Janssen COVID-19 ভ্যাকসিন সম্পর্কিত তথ্যের জন্য এই ফ্যাক্ট শীটটি পড়ুন। আপনার কোনো প্রশ্ন থাকলে টিকা প্রদানকারীর সাথে কথা বলুন।

18 বা তদূর্ধ্ব বয়সী যেসকল ব্যক্তির জন্য FDA-অনুমোদিত বা COVID-19-এর জন্য অনুমোদিত ভ্যাকসিন পাওয়া যাচ্ছে না বা চিকিৎসাগতভাবে উপযুক্ত নয় তাদের জন্য অথবা 18 বা তদূর্ধ্ব যেসকল ব্যক্তিকে Janssen COVID-19 ভ্যাকসিন দেওয়ার জন্য নির্বাচন করা হয়েছে, কারণ অন্যথায় তারা COVID-19 ভ্যাকসিন নাও পেতে পারেন, তাদের জন্য নিম্নলিখিত ডোজগুলো দেওয়ার জন্য Janssen COVID-19 ভ্যাকসিন FDA থেকে EUA গ্রহণ করেছে:

- একক ডোজের একটি প্রাথমিক টিকা।
- Janssen COVID-19 ভ্যাকসিন দিয়ে একটি একক ডোজের প্রাথমিক টিকাদান সম্পন্ন হওয়ার পরে একটি একক বুস্টার ডোজ।
- ভিন্ন কোনো অনুমোদিত COVID-19 ভ্যাকসিন দিয়ে প্রাথমিক টিকাদান সম্পন্ন করার পর একটি একক বুস্টার ডোজ।

Janssen COVID-19 ভ্যাকসিন সবাইকে সুরক্ষিত নাও করতে পারে।

এই ফ্যাক্ট শীটটি হয়তো আপডেট করা হয়েছে। সাম্প্রতিক ফ্যাক্ট শীটের জন্য, অনুগ্রহ করে www.janssencovid19vaccine.com দেখুন।

এই ভ্যাকসিনটি পাওয়ার আগে আপনার যা জানা দরকার

COVID-19 কী?

COVID-19 SARS-CoV-2 নামক করোনাভাইরাস দ্বারা সৃষ্ট। এই ধরনের করোনাভাইরাস আগে দেখা যায়নি। ভাইরাসে আক্রান্ত এমন অন্য ব্যক্তির সাথে যোগাযোগের মাধ্যমে আপনি COVID-19 ভাইরাসে আক্রান্ত হতে পারেন। এটি প্রধানত একটি শ্বাসযন্ত্রের রোগ যা অন্যান্য অঙ্গকে প্রভাবিত করতে পারে। COVID-19 এ আক্রান্ত ব্যক্তিদের হালকা উপসর্গ থেকে শুরু করে গুরুতর অসুস্থতা পর্যন্ত ব্যাপক উপসর্গ রয়েছে। ভাইরাসের সংস্পর্শে আসার 2 থেকে 14 দিন পরে উপসর্গ দেখা দিতে পারে। সাধারণ উপসর্গগুলির মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে: জ্বর বা সর্দি; কাশি; শ্বাসকষ্ট; ক্লান্তি; পেশী বা শরীরের ব্যথা; মাথা ব্যথা; নতুন করে স্বাদ বা গন্ধ না পাওয়া; গলা ব্যথা; নাক বন্ধ হওয়া বা নাক দিয়ে পানি পড়া; বমি বমি ভাব বা বমি হওয়া; ডায়রিয়া।

JANSSEN COVID-19 ভ্যাকসিন কী?

Janssen COVID-19 ভ্যাকসিন একটি অননুমোদিত ভ্যাকসিন যা COVID-19 প্রতিরোধ করলেও করতে পারে।

18 বা তদূর্ধ্ব বয়সী যেসকল ব্যক্তির জন্য FDA-অনুমোদিত বা COVID-19-এর জন্য অনুমোদিত ভ্যাকসিন পাওয়া যাচ্ছে না বা চিকিৎসাগতভাবে উপযুক্ত নয় তাদের জন্য অথবা 18 বা তদূর্ধ্ব যেসকল ব্যক্তিকে Janssen COVID-19 ভ্যাকসিন দেওয়ার জন্য নির্বাচন করা হয়েছে, তাদের জন্য COVID-19 প্রতিরোধ করতে, EUA-এর অধীনে, জরুরি ভিত্তিতে Janssen COVID-19 ভ্যাকসিন ব্যবহার করার জন্য FDA অনুমতি দিয়েছে।

EUA সম্পর্কে আরো তথ্যের জন্য, এই ফ্যাক্ট শীটের শেষে "**জরুরি ভিত্তিতে ব্যবহারের অনুমোদন (EUA) কী?**" দেখুন।

আপনার JANSSEN COVID-19 ভ্যাকসিন পাওয়ার আগে আপনার ভ্যাকসিন প্রদানকারীর কাছে কী উল্লেখ করা উচিত?

ভ্যাকসিন প্রদানকারীকে আপনার সমস্ত চিকিৎসার অবস্থা সম্পর্কে বলুন, যদি আপনার:

- কোনো ধরনের অ্যালার্জি থাকে,
- জ্বর থাকে,
- রক্তক্ষরণ অসুখ থাকে অথবা রক্ত পাতলা থাকে,

- কখনও নিম্নমাত্রার প্লাটিলেট থাকে (রক্তকণিকা যা আপনার রক্তপাত বন্ধ করে),
- রোগ প্রতিরোধ ক্ষমতা কম থাকে অথবা এমন ওষুধ ব্যবহার করেন যা রোগ প্রতিরোধ ক্ষমতাকে প্রভাবিত করে,
- যদি আপনি সন্তানসম্ভবা হন অথবা সন্তান ধারণের পরিকল্পনা করেন,
- যদি আপনি বুকের দুধ খাওয়ান,
- যদি অন্য COVID-19 ভ্যাকসিন নিয়ে থাকেন,
- যদি কখনো কোনো ইনজেকশন নেওয়ার পর অজ্ঞান হয়ে থাকেন।

কে JANSSEN COVID-19 ভ্যাকসিন পাবে?

18 বা তদূর্ধ্ব বয়সী যেসকল ব্যক্তির জন্য FDA-অনুমোদিত বা COVID-19-এর জন্য অনুমোদিত ভ্যাকসিন পাওয়া যাচ্ছে না বা চিকিৎসাগতভাবে উপযুক্ত নয় তাদের জন্য অথবা 18 বা তদূর্ধ্ব যেসকল ব্যক্তিকে Janssen COVID-19 ভ্যাকসিন দেওয়ার জন্য নির্বাচন করা হয়েছে, তাদের জন্য জরুরি ভিত্তিতে Janssen COVID-19 ভ্যাকসিন ব্যবহার করার জন্য FDA অনুমতি দিয়েছে।

কে JANSSEN COVID-19 ভ্যাকসিন পাবে না?

আপনি JANSSEN COVID-19 ভ্যাকসিন পাবেন না যদি আপনার:

- এই ভ্যাকসিনের পূর্ববর্তী ডোজ নেওয়ার পর তীব্র অ্যালার্জি হয়ে থাকে।
- এই ভ্যাকসিনের কোনো একটি উপাদানের কারণে তীব্র অ্যালার্জি হয়ে থাকে।
- Janssen COVID-19 ভ্যাকসিন বা AstraZeneca’s COVID-19 (যুক্তরাষ্ট্রে অনুমোদিত নয়) ভ্যাকসিন নেওয়ার পর স্বল্প মাত্রার প্লাটিলেট (যেসকল রক্তকণিকা শরীর থেকে রক্তপাত বন্ধ করতে সাহায্য করে) সহ রক্ত রক্ত জমাট বাঁধার সমস্যা ছিল।

JANSSEN COVID-19 ভ্যাকসিনে কী কী উপাদান রয়েছে?

Janssen COVID-19 ভ্যাকসিনে নিম্নলিখিত উপাদানগুলি অন্তর্ভুক্ত রয়েছে: রিকম্বিন্যান্ট, SARS-CoV-2 স্পাইক প্রোটিন প্রকাশকারী রেপ্লিকেশন-ইনকম্পিটেন্ট অ্যাডেনোভাইরাস টাইপ 26, সাইট্রিক অ্যাসিড মনোহাইড্রেট, ট্রাইসোডিয়াম সাইট্রেট ডাইহাইড্রেট, ইথানল, 2-হাইড্রক্সিপ্রোপিল-β-সাইক্লোডেক্সট্রিন (HBCD), পলিসোরবেট-80, সোডিয়াম ক্লোরাইড।

কিভাবে JANSSEN COVID-19 ভ্যাকসিন দেওয়া হয়?

আপনাকে মাংশপেশিতে ইনজেকশন হিসেবে Janssen COVID-19 ভ্যাকসিনটি দেওয়া হবে।

প্রাথমিক ভ্যাকসিন প্রদান

Janssen COVID-19 ভ্যাকসিন **একক ডোজ** হিসেবে দেওয়া হয়।

বুস্টার ডোজ

- Janssen COVID-19 ভ্যাকসিনের প্রাথমিক ডোজ দেওয়ার কমপক্ষে দুই মাস পরে Janssen COVID-19 ভ্যাকসিনের একক বুস্টার ডোজ দেওয়া যেতে পারে।

- ভিন্ন একটি অনুমোদিত COVID-19 ভ্যাকসিন দিয়ে প্রাথমিক টিকাদান সম্পন্ন করেছেন এমন ব্যক্তিদেরকে Janssen COVID-19 ভ্যাকসিনের একটি একক বুস্টার ডোজ দেওয়া যেতে পারে। বুস্টার ডোজের সময়ের ব্যাপারে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করুন।

JANSSEN COVID-19 ভ্যাকসিন কি এর আগে ব্যবহার করা হয়েছে?

Janssen COVID-19 ভ্যাকসিন একটি অননুমোদিত ভ্যাকসিন। ক্লিনিক্যাল ট্রায়ালে, 18 ও তদূর্ধ্ব বয়সী 61,000 জনেরও বেশি ব্যক্তি Janssen COVID-19 ভ্যাকসিন পেয়েছেন। 2021 সালের 27 ফেব্রুয়ারি থেকে লক্ষ লক্ষ ব্যক্তি EUA-এর অধীনে ভ্যাকসিন পেয়েছেন।

JANSSEN COVID-19 ভ্যাকসিনের কী কী সুবিধা রয়েছে?

Janssen COVID-19 ভ্যাকসিন COVID-19 প্রতিরোধ করে তা দেখানো হয়েছে। COVID-19 থেকে সুরক্ষার সময়কাল বর্তমানে অজানা।

JANSSEN COVID-19 ভ্যাকসিনের ঝুঁকিগুলি কী কী?

Janssen COVID-19 ভ্যাকসিনের যে পার্শ্বপ্রতিক্রিয়াগুলি রিপোর্ট করা হয়েছে তার মধ্যে রয়েছে:

- ইনজেকশন দেওয়ার স্থানে প্রতিক্রিয়া: ব্যথা, ত্বক লালচে হওয়া এবং ফুলে যাওয়া।
- সাধারণ পার্শ্বপ্রতিক্রিয়া: মাথাব্যথা, খুব ক্লান্ত বোধ করা, পেশি ব্যথা, বমি বমি ভাব এবং জ্বর।
- লিম্ফ নোড ফুলে যাওয়া।
- রক্ত জমাট বাঁধা।
- ত্বকে অস্বাভাবিক অনুভূতি (যেমন- ঝাঁকুনি বা ক্রলিং অনুভূতি) (প্যারেস্থেসিয়া), অনুভূতি বা সংবেদনশীলতা হ্রাস পাওয়া, বিশেষ করে ত্বকে (হাইপোস্থেসিয়া)।
- কানে অবিরাম শব্দ করা (টিনিটাস)।
- ডায়রিয়া, বমি।

মারাত্মক অ্যালার্জি

Janssen COVID-19 ভ্যাকসিন গুরুতর অ্যালার্জির প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে, এমন একটি সুদূর সম্ভাবনা রয়েছে। সাধারণত Janssen COVID-19 ভ্যাকসিনের একটি ডোজ নেওয়ার পর কয়েক মিনিট থেকে এক ঘন্টার মধ্যে একটি মারাত্মক অ্যালার্জির প্রতিক্রিয়া হতে পারে। এই কারণে আপনার ভ্যাকসিন সরবরাহকারী আপনাকে টিকা দেওয়ার পরে পর্যবেক্ষণের জন্য ভ্যাকসিন নেওয়ার স্থানে থাকতে বলতে পারেন। গুরুতর অ্যালার্জির লক্ষণগুলির মধ্যে থাকতে পারে:

- শ্বাসকষ্ট,
- আপনার মুখ ও গলা ফুলে যাওয়া,
- হৃদস্পন্দন বেড়ে যাওয়া,
- আপনার সারা শরীরে ফুসকুড়ি বের হওয়া,
- মাথা ঘোরা ও দুর্বলতা।

নিম্নমাত্রার অনুচক্রিকা সহ রক্ত জমাট বাঁধা

মস্তিষ্ক, ফুসফুস, পেট ও পায়ের রক্তনালী এবং নিম্নমাত্রার অনুচক্রিকা (রক্ত কণিকা যা আপনার শরীরকে রক্তপাত বন্ধ করতে সহায়তা করে) সহ রক্ত জমাট বাঁধা, কিছু লোকের মধ্যে ঘটেছে যারা Janssen COVID-19 ভ্যাকসিন পেয়েছেন। যাদের মধ্যে রক্তের জমাট বাঁধা এবং নিম্নমাত্রার অনুচক্রিকা তৈরি হয় তাদের মধ্যে ভ্যাকসিন দেওয়ার প্রায় এক থেকে দুই সপ্তাহ পরে উপসর্গগুলি শুরু হয়। Janssen COVID-19 ভ্যাকসিন নেওয়া 18 ও তদূর্ধ্ব বয়সী বিভিন্ন ধরনের নারী ও পুরুষের মধ্যে অনুচক্রিকা কমে যাওয়া সহ রক্ত জমাট বাঁধার সমস্যা রিপোর্ট করা হয়েছে; 30 থেকে 49 বছর বয়সী নারীদের ক্ষেত্রে এই প্রবণতা বেশি লক্ষ্য করা গেছে (প্রতি 1,000,000টি ভ্যাকসিনের ডোজের মধ্যে 8টি ঘটনা) এবং প্রতি 7টির মধ্যে 1টি ঘটনা গুরুতর ছিল। Janssen COVID-19 ভ্যাকসিন গ্রহণের পর যদি আপনার নিম্নলিখিত উপসর্গগুলির মধ্যে কোনোটি দেখা দেয় তবে আপনার অবিলম্বে চিকিৎসা নেওয়া উচিত:

- শ্বাসকষ্ট,
- বুকে ব্যথা,
- পা ফুলে যাওয়া,
- অবিরাম পেটে ব্যথা,
- তীব্র বা অবিরাম মাথাব্যথা বা ঝাপসা দৃষ্টি,
- ইনজেকশনের স্থান ব্যতীত ত্বকের নিচে হালকা ক্ষত বা ক্ষুদ্র রক্তের দাগ।

ইমিউন থ্রম্বোসাইটোপেনিয়া (আইটিপি)

ইমিউন থ্রম্বোসাইটোপেনিয়া (আইটিপি) হলো এক ধরনের অবস্থা যা সৃষ্টি করে সহজে বা মাত্রাতিরিক্ত ক্ষত এবং অত্যন্ত নিম্নমাত্রার প্লাটিলেটের কারণে রক্তপাত। Janssen কোভিড-19 টিকা নেয়া কিছু ব্যক্তির মধ্যে আইটিপি দেখা দিয়েছে। এদের অধিকাংশের মধ্যে, উপসর্গগুলি Janssen COVID-19 ভ্যাকসিন গ্রহণের পর 42 দিনের মধ্যে শুরু হয়েছিল। তবে এটি হওয়ার সম্ভাবনা খুবই কম। আপনার যদি কখনও ITP রোগ ধরা পড়ে থাকে, তবে Janssen COVID-19 টিকা নেওয়ার আগে আপনার টিকা প্রদানকারীর সাথে কথা বলুন। Janssen COVID-19 ভ্যাকসিন গ্রহণের পর যদি আপনার নিম্নলিখিত উপসর্গগুলির মধ্যে কোনোটি দেখা দেয় তবে আপনার দ্রুত চিকিৎসা নেওয়া উচিত:

- সহজ বা মাত্রাতিরিক্ত ক্ষত বা ইঞ্জেকশন দেবার জায়গার বাইরে ত্বকের নিচে ছোট ছোট রক্তের দাগ,
- অস্বাভাবিক বা মাত্রাতিরিক্ত রক্তপাত।

Guillain Barré Syndrome

Guillain Barré syndrome (একটি স্নায়বিক ব্যাধি যেখানে শরীরের ইমিউন সিস্টেম স্নায়ু কোষকে ক্ষতিগ্রস্ত করে, পেশির দুর্বলতা এবং কখনও কখনও পক্ষাঘাত সৃষ্টি করে) কিছু লোকের মধ্যে ঘটেছে যারা Janssen COVID-19 ভ্যাকসিন পেয়েছেন। এদের অধিকাংশের মধ্যে, উপসর্গগুলি Janssen COVID-19 ভ্যাকসিন গ্রহণের পর 42 দিনের মধ্যে শুরু হয়েছিল। তবে এটি হওয়ার সম্ভাবনা খুবই কম। Janssen COVID-19 ভ্যাকসিন গ্রহণের পর যদি আপনার নিম্নলিখিত উপসর্গগুলির মধ্যে কোনোটি দেখা দেয় তবে আপনার দ্রুত চিকিৎসা নেওয়া উচিত:

- দুর্বলতা বা ঝিমঝিম অনুভূতি, বিশেষ করে পায়ে বা বাহুতে যেটা বৃদ্ধি পেয়ে শরীরের অন্যান্য অংশে ছড়িয়ে পড়ে।
- হাঁটতে অসুবিধা।
- কথা বলা, চিবানো বা কোনো কিছু গিলে খেতে সমস্যাসহ মুখের নড়াচড়ায় সমস্যা।
- প্রতিচ্ছবি দেখা বা চোখের নড়াচড়া করতে না পারা।
- মূত্রাশয় নিয়ন্ত্রণ বা অন্ত্রের কার্যকারিতায় অসুবিধা।

এগুলি Janssen COVID-19 ভ্যাকসিনের সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়া নাও হতে পারে। গুরুতর এবং অপ্রত্যাশিত প্রভাব দেখা দিতে পারে। Janssen COVID-19 ভ্যাকসিন এখনও ক্লিনিক্যাল পরীক্ষা নিরীক্ষা এখনও চলছে।

পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিলে আমার কী করা উচিত?

আপনি যদি মারাত্মক অ্যালার্জির প্রতিক্রিয়া অনুভব করেন তবে 9-1-1 এ ফোন করুন অথবা নিকটবর্তী হাসপাতালে যান।

যদি আপনার কোনো পার্শ্ব প্রতিক্রিয়ার জন্য আপনি অস্বস্তি বোধ করেন বা সেটি নিরাময় না-হয়, তবে টিকা সরবরাহকারী বা আপনার স্বাস্থ্যসেবা সরবরাহকারীকে ফোন করুন।

ভ্যাকসিনের পার্শ্ব প্রতিক্রিয়ার কথা **FDA/CDC Vaccine Adverse Event Reporting System (VAERS)** এ জানান। VAERS এর টোল ফ্রি নম্বর হলো 1-800-822-7967 অথবা অনলাইনে https://vaers.hhs.gov/reportevent.html এ জানান। রিপোর্ট করার ফর্মের 18 নম্বর বক্সের প্রথম লাইনে "Janssen COVID-19 Vaccine EUA" উল্লেখ করুন।

এছাড়াও, আপনি নিচে প্রদত্ত যোগাযোগের ঠিকানায় পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে Janssen Biotech, Inc. এ জানাতে পারেন।

ইমেইল	ফ্যাক্স নম্বর	টেলিফোন নম্বর
JNJvaccineAE@its.jnj.com	215-293-9955	যুক্তরাষ্ট্রে টোল ফ্রি: 1-800-565-4008 যুক্তরাষ্ট্রে টোল: (908) 455-9922

আপনাকে **v-safe** এ নাম নথিভুক্ত করার একটি বিকল্পও আপনাকে দেওয়া হতে পারে। **V-safe** একটি স্মার্টফোন-ভিত্তিক নতুন স্বেচ্ছাসেবী ব্যবস্থা যা টেক্সট মেসেজ এবং ওয়েবে সমীক্ষার মাধ্যমে পরীক্ষা করে দেখে, যেসব ব্যক্তি COVID-19 ভ্যাকসিন নিয়েছেন তাঁদের পার্শ্ব প্রতিক্রিয়া হয়েছে কি না তা চিহ্নিত করা। **V-safe** -এর প্রশ্নাবলীর সহায়তায় COVID-19-এর সুরক্ষার বিষয়টি CDC নজর রাখতে পারে। যদি কোনো অংশগ্রহণকারী COVID-19 ভ্যাকসিন গ্রহণের পরে গুরুত্বপূর্ণ স্বাস্থ্য প্রতিক্রিয়া রিপোর্ট করে থাকে তাহলে **V-safe** CDC-এর দ্বারা লাইভ টেলিফোন ফলো-আপও সরবরাহ করে থাকে। কীভাবে সাইন আপ করতে হয় সে বিষয়ক আরো তথ্যের জন্য দেখুন: www.cdc.gov/vsafe।

আমি যদি JANSSEN COVID-19 ভ্যাকসিন গ্রহণ করতে না চাই তাহলে কী হতে পারে?

EUA-এর অধীনে, ভ্যাকসিন নেওয়ার প্রস্তাব গ্রহণ বা প্রত্যাখ্যান করার একটি সুযোগ রয়েছে। আপনি যদি Janssen COVID-19 ভ্যাকসিন না নেওয়ার সিদ্ধান্ত নিয়ে থাকেন, তবে এতে আপনার স্ট্যান্ডার্ড মেডিকেল কেয়ারকে পরিবর্তন করবে না।

COVID-19 প্রতিরোধে JANSSEN COVID-19 ভ্যাকসিন ছাড়া আর কোনো ভ্যাকসিন কি আছে?

COMIRNATY এবং SPIKEVAX হলো FDA-অনুমোদিত COVID-19 ভ্যাকসিন। COVID-19 প্রতিরোধে অন্যান্য ভ্যাকসিন EUA-এর অধীনে পাওয়া যেতে পারে। Janssen COVID-19 ভ্যাকসিন শুধুমাত্র তখনই অনুমোদন দেওয়া হয় যদি COVID-19-এর জন্য অনুমোদিত ভ্যাকসিন পাওয়া না যায় বা চিকিৎসাগতভাবে উপযুক্ত না হয়, এবং যেসকল ব্যক্তিকে Janssen COVID-19 ভ্যাকসিন দেওয়ার জন্য নির্বাচন করা হয়েছে, কারণ অন্যথায় তারা COVID-19 ভ্যাকসিন নাও পেতে পারেন।

আমি কি অন্য ভ্যাকসিনের সঙ্গে একই সময়ে JANSSEN COVID-19 ভ্যাকসিন নিতে পারি?

অন্যান্য ভ্যাকসিনের সঙ্গে একই সময়ে Janssen COVID-19 ভ্যাকসিন প্রয়োগ ব্যবহার সম্পর্কিত কোনো তথ্য এখনো বিষয়ে FDA এ জমা পড়েনি। আপনি যদি অন্যান্য ভ্যাকসিনের সঙ্গে Janssen COVID-19 ভ্যাকসিন গ্রহণের বিষয়টি বিবেচনা করেন তাহলে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে এ নিয়ে আলোচনা করুন।

আমি যদি সন্তানসম্ভবা বা শিশুকে বুকের দুধ পান করাই সেক্ষেত্রে কী হবে?

আপনি যদি সন্তানসম্ভবা বা শিশুকে বুকের দুধ পান করান তাহলে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে বিকল্পগুলি নিয়ে আলোচনা করুন।

JANSSEN COVID-19 ভ্যাকসিনের কারণে কি আমার COVID-19 হবে?

না। Janssen COVID-19 ভ্যাকসিন কোনো SARS-CoV-2 থাকে না এবং আপনাকে কোনো COVID-19 দিতে পারে না।

আপনার ভ্যাকসিন নেওয়ার কার্ড সঙ্গে রাখুন

আপনি যখন Janssen COVID-19 ভ্যাকসিন নেবেন তখন ভ্যাকসিন গ্রহণের তারিখ ও সময় নথিভুক্ত করতে আপনি একটি ভ্যাকসিন কার্ড পাবেন।

অতিরিক্ত তথ্য

যদি আপনার কোনো প্রশ্ন থাকে বা সাম্প্রতিক Janssen COVID-19 এর ভ্যাকসিন ফ্যাক্ট শীট দেখতে ইচ্ছুক হন তাহলে আপনার ডিভাইস ব্যবহার করে QR কোডটি স্ক্যান করুন এবং ওয়েবসাইট ভিজিট করুন অথবা নিচে দেওয়া টেলিফোন নম্বরে কল করুন।

QR কোড	ফ্যাক্ট শীট ওয়েবসাইট	টেলিফোন নম্বর
	www.janssencovid19vaccine.com ।	যুক্তরাষ্ট্রে টোল ফ্রি: 1-800-565-4008 US টোল: (908) 455-9922

আমি আরো কী করে জানতে পারব?

- ভ্যাকসিন প্রদানকারীকে জিজ্ঞাসা করুন।
- https://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html ঠিকানায় CDC ভিজিট করুন।

- https://www.fda.gov/emergency-preparedness-and-response/mcm-legal- regulatory-and-policy-framework/emergency-use-authorization *ঠিকানায় FDA ভিজিট করুন।*

আপনার স্থানীয় বা রাজ্যের জনস্বাস্থ্য বিভাগের সাথে যোগাযোগ করুন।

আমার ভ্যাকসিন নেওয়ার তথ্য কোথায় নথিভুক্ত করা হবে?

ভ্যাকসিন সরবরাহকারী আপনার রাজ্য / স্থানীয় আইনগত টিকাদান তথ্য ব্যবস্থা বা Immunization Information System (IIS) বা অন্যান্য মনোনীত ব্যবস্থায় আপনাকে ভ্যাকসিন দেওয়ার তথ্য নথিভুক্ত করতে পারে। IIS সম্পর্কে আরো তথ্যের জন্য এই ঠিকানায় যান: https://www.cdc.gov/vaccines/programs/iis/about.html.

COVID-19 ভ্যাকসিন নেওয়ার জন্য কি আমাকে অর্থ খরচ করতে হবে?

না। এই মুহূর্তে, টিকা সরবরাহকারী আপনাকে একটি ভ্যাকসিন ডোজ দেওয়ার জন্য কোনো অর্থ নিতে পারবেন না এবং কেবলমাত্র একটি COVID-19 টিকা গ্রহণ করার জন্য আপনার কাছ থেকে ভ্যাকসিন দেওয়ার খরচ বা অন্য কোনো খরচ নেওয়া যাবে না। তবে, ভ্যাকসিন সরবরাহকারীরা কোনো প্রোগ্রাম বা পরিকল্পনার অধীন ভ্যাকসিন প্রাপকদের (বেসরকারি বিমা, মেডিকেয়ার, মেডিকেড, HRSA COVID-19 বিমাহীন ভ্যাকসিন গ্রহীতাদের প্রোগ্রামের জন্য অন্তর্ভুক্ত) টিকা দেওয়ার জন্য উপযুক্ত খরচ চাইতে পারেন।

সন্দেহজনক জালিয়াতির ঘটনার ব্যাপারে আমি কোথায় জানাতে পারি?

CDC COVID-19 টিকাদান প্রোগ্রামের প্রয়োজনীয়তাগুলির যেকোনো সম্ভাব্য লঙ্ঘন সম্পর্কে সচেতন ব্যক্তিদের ইনস্পেক্টর জেনারেল, মার্কিন যুক্তরাষ্ট্রের স্বাস্থ্য ও মানবসেবা বিভাগে 1-800-HHS-TIPS অথবা TIPS.HHS.GOV ঠিকানার দফতরে জানাতে উৎসাহিত করা হয়।

আঘাতের ক্ষতিপূরণ কার্যক্রমের পাল্টা ব্যবস্থা কী কী রয়েছে?

আঘাতের ক্ষতিপূরণ কার্যক্রমের পাল্টা ব্যবস্থা (CICP) একটি ফেডারেল প্রকল্প। এটি এই চিকিৎসা সহ কিছু নির্দিষ্ট ওষুধ বা ভ্যাকসিন দ্বারা গুরুতর আহত হওয়া নির্দিষ্ট ব্যক্তিদের চিকিৎসা সেবা এবং অন্যান্য নির্দিষ্ট খরচের জন্য অর্থ প্রদানে সহায়তা করতে পারে। সাধারণত, ভ্যাকসিন গ্রহণের তারিখ থেকে এক (1) বছরের মধ্যে CICP-কে একটি দাবি জমা দিতে হবে। এই কার্যক্রম সম্পর্কে আরো কিছু জানতে www.hrsa.gov/cicp ঠিকানায় যান অথবা 1-855-266-2427 নম্বরে কল করুন।

জরুরি ভিত্তিতে ব্যবহারের অনুমোদন (EUA) কী?

Janssen COVID-19 ভ্যাকসিন একটি EUA নামক জরুরি ভিত্তিতে পাওয়ার ব্যবস্থা করেছে আমেরিকা যুক্তরাষ্ট্রের FDA। EUA ব্যবস্থা স্বাস্থ্য ও মানবাধিকার পরিষেবার (HHS) সচিবের একটি ঘোষণার দ্বারা সমর্থিত। এই ঘোষণায় বলা হয়েছে, COVID-19 মহামারী চলাকালীন ওষুধ এবং জৈবিক পণ্যগুলির জরুরি ব্যবহারকে ন্যায়সঙ্গত করার জন্য পরিস্থিতি বিদ্যমান।

FDA অনুমোদিত বা স্পষ্ট করা পণ্যের যে ধরনের পর্যালোচনা করা হয় Janssen COVID-19 সে ধরনের পর্যালোচনার মধ্য দিয়ে যায়নি। নির্দিষ্ট মানদণ্ড পূরণ হলে FDA একটি EUA জারি করতে পারে যার মধ্যে পর্যাপ্ত, অনুমোদিত, উপলভ্য বিকল্প নেই। এছাড়া, FDA-র সিদ্ধান্ত নির্ভর করবে বৈজ্ঞানিক প্রমাণের সামগ্রিকতার উপর ভিত্তি করে। তাতে দেখানো হবে যে COVID-19 মহামারী চলাকালীন এই পণ্যটি COVID-19 প্রতিরোধে কার্যকর হতে পারে। আরো দেখা হবে যে, এই পণ্যটির জ্ঞাত এবং সম্ভাব্য সুবিধাগুলি পণ্যের পরিচিত এবং সম্ভাব্য ঝুঁকির চেয়ে বেশি। COVID-19 মহামারী চলাকালীন পণ্যটি ব্যবহারের অনুমতি দেওয়ার জন্য এই সমস্ত মানদণ্ডগুলি মানতে হবে।

যদি না সেটাকে স্থগিত বা বাতিল করা হয় (যে সময়ের পরে পণ্যগুলি আর ব্যবহার করা যাবে না) তাহলে Janssen COVID-19 ভ্যাকসিনের জন্য EUA এই পণ্যগুলির জরুরি ব্যবহারকে যুক্তিগ্রাহ্য করে COVID-19 ঘোষণার সময়কালের জন্য কার্যকর করেছে।

প্রস্তুতকারক:
Janssen Biotech, Inc.
Johnson & Johnson Horsham, PA 19044, USA এর একটি Janssen
ফার্মাসিটিকাল কোম্পানি

© 2021 Janssen ফার্মাসিটিক্যাল কোম্পানি

আরো তথ্যের জন্য যুক্তরাষ্ট্রে টোল ফ্রি নম্বরে কল করুন: 1-800-565-4008, US টোল: (908) 455-9922 বা ভিজিট করুন www.janssencovid19vaccine.com

পরিমার্জিত: May/05/2022

ইলেকট্রনিক মেডিকেল রেকর্ড/ভ্যাকসিন প্রদানের তথ্য ব্যবস্থার জন্য ভ্যাকসিন গ্রহীতাকে এই ফ্যাক্ট শীট প্রদান করা হয়েছে তা সংরক্ষণ করতে স্ক্যান করুন।

GDTI: 0886983000363